3084

I 3584/2010

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 790952

Certified that the document is admitted to registration. The signature sheets and the endorsement sheets attached with this document are part of this document.

District Sub Registrar-I
& Registrar U/S 7 (2) of
Registration ACT 1908
Alipore, South 24 Parganas
7 MAY 2010

7707/10
I-34

মং ৪,৫০,০০০.০০ চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা পনমূল্যের
নিঃস্বত্ত সাফ বিক্রয় কোবালা দলিল :-

কোবালা গ্রহিত্রী :-

শ্রীমতী রুমা নস্কর,স্বামী মৃত শম্ভু নাথ নস্কর,জাতি-হিন্দু,পেশা-গৃহস্থালী, নাগরিক -ভারতীয়, সাং-মহামায়াপুর স্কুল রোড, পোষ্ট-গড়িয়া, থানা-সোনারপুর, কোলকাতা-৭০০০৮৪, জেলা দক্ষিন ২৪ পরগনা ।।

কোবালা দাত্রী :-
***************

১। শ্রীমতী সুন্দরী বিশ্বাস, স্বামী শ্রী কৃষ্ণধন বিশ্বাস, পিতা মৃত কালিচরন নস্কর, সাং-গ্রাম পেটুয়া, পোঃ-সুভাষগ্রাম,থানা-বারুইপুর, কোলকাতা-৭০০১৪৭,জেলা দক্ষিন ২৪ পরগনা, ২। শ্রীমতী শীতল দাসী মন্ডল, স্বামী মৃত অনিল মন্ডল, পিতা মৃত কালিচরন নস্কর, সাং-লস্করপুর, নার্স পাড়া, পোঃ-লস্করপুর, থানা-সোনারপুর, জেলা দক্ষিন ২৪ পরগনা, উভয়ের জাতি-হিন্দু, পেশা-গৃহস্থালী,নাগরিক-ভারতীয় ।।
*****************************************************************

কস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত অবিভক্ত ২/৩ রকম অংশীয় কমবেশ ৪ কাঠা ১১ ছটাক ৩১ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৩০০ স্কোয়ার ফুট টালির ছাউনী যুক্ত পুরাতন গৃহাদি মায় পায়খানা, বাথরুম ও সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক, সম্পূর্ণ নিদর্দায়, নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা দক্ষিন ২৪ পরগনা, পরগনে-মেদনমল্ল, সাব রেজিষ্ট্রী অফিস এ,ডি,এস,আর, সোনারপুর, থানা-সোনারপুর, রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটীর এলেকাধীন, ওয়ার্ড নং ২৮, অত্র জেলা কালেকটারীর ১০৯ নং তৌজি ভুক্ত, রে,সা, নং ৭, জে, এল, নং ৪৭, বাঁরহাসফারতাবাদ মৌজায় বিগত রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৪৫৩ নং খতিয়ান ভুক্ত মোট ৬৫ শতক নিস্কর হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৬৬৬ নং দাগের অংশস্থিত ১৫ শতক পরিমিত বাস্তু জমি জমা সহ আরও কতক জমা জমি যাহা অত্র কোবালা দাত্রী আমাদের উভয়ের পিতা অধুনা মৃত কালিচরন নস্কর মহাশয় বিগত ইংরাজী ০৪।১১।১৯৬২ তারিখে সম্পাদিত ও ইংরাজী ০৫।১১।১৯৬২ তারিখে একখন্ড রেজিষ্ট্রীকৃত বন্টন নামা (যাহার বুক নং ১, ভল্যুম নং ১০৬, পৃষ্ঠা নং ২৫৭ হইতে ২৬৫, দলিল নাম্বার ৯৫১২, এস. আর. বারুইপুর অফিস) মুলে তিনি তাহার

অন্যান্য শরিকগন হইতে নিজ অংশে দ্বিতীয় পক্ষ বিধায় প্রাপ্ত হন যাহা উক্ত বন্টন নামা দলিলের (খ) তপশীলে বিশদ ভাবে বর্নিত আছে । এমত প্রকারে তিনি তাহার উক্ত বন্টন নামা দলিল মুলে প্রাপ্ত জমা জমির দরুন তাহার নাম বরাবর ধার্য্য খাজনাদি যথারীতি আদায় দিয়া ষোল আনা রকম অংশের মালিক দখলিকার থাকা অবস্থায় তিনি তাহার এক পুত্র অধুনা মৃত শম্ভু নাথ নস্কর , দুই বিবাহিতা কন্যা শ্রীমতী সুন্দরী বিশ্বাস, ও শ্রীমতী শীতল দাসী মন্ডল এই মোট তিনজনকে কেবলমাত্র ওয়ারেশ উত্তরাধিকারী ও উত্তরাধিকারিনী রাখিয়া অপর কোন ওয়ারেশ উত্তরাধিকারী ও উত্তরাধিকারিনী না রাখিয়া কোন প্রকার উইলাদি সহি সম্পাদন না করিয়া পরলোক গমন করেন । এই সঙ্গে প্রকাশ থাকে যে অত্র কোবালা দাত্রী আমাদের উভয়ের মাতা, আমাদের উভয়ের উক্ত পিতা কালিচরন নস্কর মহাশয়ের পরলোক গমনের পুর্বে মারাযান । এমত প্রকারে অত্র কোবালা দাত্রী আমরা উভয়ে আমাদের পৈত্রিক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত উক্ত বাঁরহাসফারতাবাদ মৌজায় বিগত রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৪৫৩ নং খতিয়ান ভুক্ত ৬৬৬ নং দাগের অংশস্থিত অবিক্রীত কমবেশ ৭ কাঠা ১ ছটাক ২৪ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালির ছাউনী যুক্ত পুরাতন গৃহাদী মায় পায়খানা, বাথরুম এই সকল সহ সম্পত্তি মধ্যে উভয়ের অবিভিক্ত ২/৩ রকম অংশীয় কমবেশ ৪ কাঠা ১১ ছটাক ৩১ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৩০০ স্কোয়ার ফুট টালির ছাউনী যুক্ত পুরাতন গৃহাদী পায়খানা, বাথরুম এই সকল সহ একযোগে বিক্রয় করার ঘোষনা করিলে অত্র কোবালা গ্রহিত্রী আপনি আমাদের উভয়ের উক্ত মৃত ভ্রাতা শম্ভুনাথ নস্কর মহাশয়ের পত্নী বিধায় তাহা বর্তমান বাজার উচিৎ সর্ব্বোচ্চ বেলমোক্তা মবলগে ৪,৫০,০০০.০০ চার লক্ষ .........

পঞ্চাশ হাজার টাকা পনমূল্যে খরিদ করিতে ইচ্ছুক হওয়ায় উহাই সর্ব্বোচ্চ দর জানিয়া আমরা উভয়ে তাহাতে সম্মত ও স্বীকৃত হইয়া ধার্য্য পনমূল্যের সমুদয় টাকা অদ্যকার তারিখে অত্র কোবালা গ্রহিত্রী আপনার নিকট হইতে নিম্ন জায়মত এককালিন নগদ গ্রহন করিয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে উপরোক্ত ও নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত জমি অদ্যকার তারিখে অত্র কোবালা গ্রহিত্রী আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া তাহা হইতে আমরা উভয়ে মায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে এককালিন চিরতরে নিঃস্বত্ববতী ও দখলহীনা হইলাম । আপনি অদ্য হইতে আমাদের উভয়ের যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও মালিক দখলকারিনী হইয়া কালেকটারী ও রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটীতে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে যদৃচ্ছা পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমরা মায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না । করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে ।

অত্র বিক্রীত জমি আমরা উভয়ে ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি, চার্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমরা উভয়ে ব্যতীত আমাদের অপর কোন শরিক, দাবিদার বা অংশীদার নাই বা উহা কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকাএস্ব নহে

বা উহা ইতিপূর্বে কোন দেবসেবায় বা জনহিতকর কার্য্যে অর্পণ করি নাই বা উহা কোন পীরোত্তর ভুক্ত বা ওয়াকফ ষ্টেটের সম্পত্তি নহে বা উহা কোলকাতা ল্যান্ড এ্যাকুইজিশান কে, এম, ডি, এ, বা কোন পাবলিক বডি কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান নহে বা ঐরূপ হইবার জন্য অদ্যাবধি আমার উপর কোন প্রকার নোটিশ জারি হয় নাই বা উক্ত জমি বিক্রয়ের প্রতিশ্রুতিতে ইতিপূর্বে কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ নাই বা উক্ত জমির দরুন কোন প্রকার মামলা মোকর্দ্দমা দায়ের বা চলতি নাই । বা উক্ত জমি পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ভেষ্ট ও আন্ডার সেকশান ১৪ (ইউ) ও ১৪ (টি) ধারামতে আবদ্ধ নহে বা এল, আর, এ্যাকট ও ই, এ্যাকট ধারায় আবদ্ধ নাই । সম্পূর্ণ নির্দায়, নির্দোষ অবস্থায় আমাদের উভয়ের দখলে এবং আমাদের উভয়ের বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান থাকা অবস্থায় আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত জমি আপনার অনুকূলে খোলসা খাস দখল পরিত্যাগ করিলাম ।

ভবিষ্যতে অত্র দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে সেক্ষেত্রে অত্র কোবালা গ্রহিত্রী আপনার খরিদা স্বত্ব সম্পূর্ণ দৃঢ়তর করার জন্য অত্র কোবালার পোষকে যুক্তি সঙ্গত যে কোন প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী দলিল ও এ্যাফিডেভিট করার প্রয়োজন হইলে সেক্ষেত্রে আমরা উভয়ে তাহা বিনা পনে বেওজরে অত্র কোবালা গ্রহিত্রী আপনার খরচায় আপনার তলবমত আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা উভয়ে মায় আমাদের ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম ।

আমরা উভয়ে এতদ্বারা আরও স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা তাহার কোন অংশ মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে

মাফিক আইনের আমলে আসিব । অধিকন্তু আমাদের উভয়ের প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার খরিদা স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে সেক্ষেত্রে পনের সমুদয় টাকা মায় যাবতীয় খরচ ও ক্ষতি পুরন সহ আপনাকে এককালিন ফেরত দিতে আমরা উভয়ে মায় আমাদের ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম ।

অবিভক্ত সম্পত্তির দক্ষিনাংশে অবস্থিত ১০' ফুট প্রশস্থ রাস্তা ও পূর্বাংশে অবস্থিত ৬' ফুট প্রশস্থ কমন প্যাসেজ একুনে উভয় রাস্তা ও কমন প্যাসেজের উপর দিয়া আপনি আপনার ওয়ারেশ উত্তরাধিকারীগনক্রমে যানবাহনাদি সমেত অবাধ যাতায়াত করিতে এবং উক্ত রাস্তা ও কমন প্যাসেজের উপর ও তলদেশ দিয়া আপনার নিজ খরিদা সম্পত্তিতে ইলেকট্রীক লাইন, টেলিফোনের লাইন, জলের লাইন, আন্ডার গ্রাউন্ড স্যুইয়ার ড্রেন, সারফেস ড্রেন ইত্যাদি আনায়ন করিবার স্বত্বাধিকার সহ সর্ব্ব বিধ ইজমেন্ট স্বত্ব পরিচালনা করিতে পারিবেন ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া মায় অত্র দলিলের যাবতীয় শর্তে আমরা উভয়ে মায় আমাদের ওয়ারিশানগণক্রমে বাধ্য থাকিয়া পনের সমুদয় মবলগে ৪,৫০,০০০.০০ চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা আপনার নিকট হইতে নিম্ন জায়মত এককালিন নগদ গ্রহন করিয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয়ের কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম । ইতি সন ইংরাজী ২০১০ সালের ৭ই মে, মোতাবেক সন বাংলা ১৪১৭ সালের ২৩শে বৈশাখ ।

## তপশীল বিক্রীত সম্পত্তি পরিচয়

জেলা দক্ষিন ২৪ পরগনা, পরগনে-মেদনমল্ল, সাব রেজিষ্ট্রী অফিস এ,ডি,এস,আর, সোনারপুর, থানা-সোনারপুর, রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটীর এলেকাধীন, ওয়ার্ড নং ২৮, অত্র জেলা কালেকটারীর ১০৯ নং তৌজি ভুক্ত, রে,সা, নং ৭, জে, এল, নং ৪৭, বাঁরহাসফারতাবাদ মৌজায় বিগত রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৪৫৩ নং খতিয়ান ভুক্ত মোট ৬৫ শতক নিষ্কর হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৬৬৬ নং দাগের অংশস্থিত অবিক্রীত কমবেশ ৭ কাঠা ১ ছটাক ২৪ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত কমবেশ ৪৫০ স্কোয়ার ফুট টালীর ছাউনী যুক্ত গৃহাদী মায় পায়খানা, বাথরুম ইত্যাদি মধ্যে উভয়ের অবিভক্ত ২/৩ রকম অংশীয় কমবেশ ৪ কাঠা ১১ ছটাক ৩১ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় ৩০০ স্কোয়ার ফুট টালীর ছাউনী যুক্ত পুরাতন গৃহাদী মায় পায়খানা, বাথরুম এই সকল সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক, উহাই অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে।

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| ৪৫৩ | ৬৬৬ ছয়শত ছিষট্টি | বাস্তু | ৪ কাঠা ১১ ছটাক ৩১ স্কোয়ার ফুট |

মং চার কাঠা এগার ছটাক একত্রিশ স্কোয়ার ফুট জমি মাত্র।

### - সমগ্র সম্পত্তির চৌহদ্দি -

উত্তরে :- আর, এস, ৬৬৬ নং দাগের অংশ ।

দক্ষিনে :- ১০' ফুট প্রশস্থ মিউনিসিপ্যালিটীর রাস্তা ও আর,এস, ৬৬৬ নং দাগের অংশ।

পূর্ব্বে :- ৬' ফুট প্রশস্থ কমন প্যাসেজ ও আর, এস, ৬৬৬ নং দাগের অংশ।

পশ্চিমে :- আর, এস, ৬৬৪,৬৬৫ ও ১৭৬৫ নং দাগ ত্রয়ের অংশ।

- তপশীল টাকার জায় -

*******************

অদ্যরোজ নোটে ও নগদে লওয়া মোট .............................. ৪,৫০,০০০.০০ টাকা

মবলগে চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা বুঝিয়া পাইয়া সহি করিলাম ।

- ই সী দি -

************************

অত্র দলিলের ২নং দাত্রীকে অত্র দলিল পাঠ করিয়া তাহার মর্ম সম্যক অবগত করাইলাম ।

মুসাবিদাকারক :-

************************

টাইপ কারক :-

*****************

শ্রী দেবাশীষ সরকার

আলিপুর পুলিশ কোর্ট

কোলকাতা - ২৭ ।।

*****************

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS, District- South 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 03086 / 2010, Deed No. (Book - I , 03534/2010)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Smt Sundari Biswas | সুন্দরী<br>সুন্দরী বিশ্বাস<br>7.5.2010 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Sundari Biswas<br>Address -Petua, Village:Petua, Thana:-Baruipur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Subhasgram | Self | <br>07/05/2010 | <br>LTI<br>07/05/2010 | সুন্দরী বিশ্বাস |
| 2 | Sital Dasi Mondal<br>Address -Laskarpur Nursepara, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Laskarpur | Self | <br>07/05/2010 | <br>LTI<br>07/05/2010 | শীতল দাসী মণ্ডল<br>৩: পারুল মণ্ডল |

**Name of Identifier of above Person(s)**
Parul Mondal
Dakshin Laskarpur Purbapara, Thana:-Sonarpur,
District:-South 24-Parganas, WEST BENGAL, India,
P.O. :-

**Signature of Identifier with Date**

পারুল মণ্ডল
7.5.2010

(Dulal ChandraSaha)
DISTRICT SUB-REGISTRAR-IV
Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS

Government Of West Bengal

Office Of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS

District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 03534 of 2010

(Serial No. 03086 of 2010)

**On 07/05/2010**

### Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

### Payment of Fees:

Fee Paid in rupees under article : A(1) = 15037/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on 07/05/2010

### Certificate of Market Value(WB PUVI rules of 2001)

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-1367250/-

Certified that the required stamp duty of this document is Rs.- 82045 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

### Deficit stamp duty

Deficit stamp duty

1. Rs. 48000/- is paid, by the draft number 224296, Draft Date 07/05/2010, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 07/05/2010
2. Rs. 29050/- is paid, by the draft number 224295, Draft Date 07/05/2010, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 07/05/2010

### Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)

Presented for registration at 13.34 hrs on :07/05/2010, at the Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS by Smt Sundari Biswas , one of the Executants.

### Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)

Execution is admitted on 07/05/2010 by

1. Smt Sundari Biswas, wife of Sri Krishnadhan Biswas , Petua, Village:Petua, Thana:-Baruipur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Subhasgram , By Caste Hindu, By Profession : House wife
2. Smt Sital Dasi Mondal, wife of Late Anil Mondal , Laskarpur Nursepara, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Laskarpur , By Caste Hindu, By Profession : House wife

Identified By Parul Mondal, son of Late Anil Ch. Mondal, Dakshin Laskarpur Purbapara, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-, By Caste: Hindu, By Profession: House wife.

( Dulal ChandraSaha )
**DISTRICT SUB-REGISTRAR-IV**

07/05/2010 14:32:00

Government Of West Bengal

Office Of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS

District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 03534 of 2010

(Serial No. 03086 of 2010)

( Dulal Chandra Saha )
DISTRICT SUB-REGISTRAR-IV

( Dulal ChandraSaha )
DISTRICT SUB-REGISTRAR-IV

07/05/2010 14:32:00

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 13
Page from 681 to 694
being No 03534 for the year 2010.

(Dulal ChandraSaha) 10-May-2010
DISTRICT SUB-REGISTRAR-IV
Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS
West Bengal

PRESENTANT

PHOTO

| — | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

NAME ..........................................................

SIGNATURE :..................................................



| — | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

NAME [illegible]

SIGNATURE [illegible]



| — | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

NAME [illegible]

SIGNATURE ..................................................



| — | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

NAME Ruma NasKar

SIGNATURE ..................................................